# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 OCTOBER 2025 7:45—7:55 PM**

---

১) ৩০ লক্ষ মহিলাকে লক্ষপতিতে পরিগণিত করার জন্য রাজ্য সরকার সংকল্প গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

২) অষ্টম বেতন কমিশনের কার্যক্ষেত্রের পরিসর সম্প্রসারণে কেন্দ্রীয় মন্ত্রীসভার অনুমোদন ।

৩) জুবিন গার্গের মৃত্যুর মামলায় অভিযুক্ত শ্যামকানু মহন্ত , সিদ্ধার্থ শর্মা , সন্দীপন গার্গ সহ ৭ জনকে পুনরায় ১৪ দিনের বিচাবিভাগীয় হেফাজতে প্রেরণ ।

এবং

৪) আগামীকাল গৌহাটীতে আই সি সি মহিলা বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগীতার প্রথম সেমিফাইনালে দক্ষিণ আফ্রিকা ও ইংলেন্ড মুখোমুখী ।

-------------------------------------------------------------------------------------

দেশে তিন কোটি মহিলাকে লক্ষপতি হিসেবে গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্বপ্ন অনুসরণ করে রাজ্য সরকার আসামের ৩০ লক্ষ মহিলাকে লক্ষপতি হিসেবে গড়ার সংকল্প গ্রহণ করেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ মূখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে কলিয়াবর বিধানসভা কেন্দ্রের ৩২ হাজার ৪৮২ জন হিতাধিকারীর মধ্যে আর্থিক সহায়তার চেক বিতরণ করে ভাষণ প্রসঙ্গে একথা বলেন । আসামের মহিলা সমাজ শক্তির ভান্ডার ,তাঁদের এগিয়ে যাবার জন্য পরিবার ,সমাজ ও সরকারের সমর্থনের প্রয়োজন বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন যে রিভলভিং ফান্ড ,ব্যাঙ্ক ঋণ ,সি এল এফ, ভি ও , জীবিকা সখী ,ব্যাঙ্ক সখী ইত্যাদি বিভিন্ন ব্যাবস্থার মাধ্যমে আত্মসহায়ক গোষ্ঠীগুলির সঙ্গে জড়িত মহিলাদের সহায়তা করার জন্য সরকার চেষ্টা চালাচ্ছে । আত্ম-সহায়ক গোষ্ঠীর মহিলারা বিগত ১২-১৩ বছরে ব্যাঙ্ক

থেকে প্রায় ১২ হাজার কোটি টাকার ঋণ নিয়েছেন এবং এই ঋণের অর্থ তারা নিয়মিত ভাবে ফিরিয়ে দিচ্ছেন বলেও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব রোধ করার জন্য তাৎক্ষনিক ও কঠোর পদক্ষেপ গ্রহণ করার আবশ্যকতায় গুরুত্ব আরোপ করেছেন । নতুনদিল্লীতে আয়োজিত আর্ন্তজাতিক সৌরজোট আই এস এ সভার অষ্টম পর্বে অংশ গ্রহণ করে ভাষন প্রসংগে রাষ্ট্রপতি বলেন যে সমগ্র বিশ্ব এই সমস্যার দ্বারা প্রবাভিত হচ্ছে । তিনি বলেন জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব রোধ করার জন্য ভারত প্রতিশ্রুতিবদ্ধ ও এই ক্ষেত্রে ভারত ইতিমধ্যে কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে । তিনি বলেন যে ভারত ও বিশ্বের সভ্যতাগুলি পুরোণোকাল থেকে সূর্যকে জীবন ও শক্তির মূল উৎস্য হিসেবে গণ্য করে আসছে । তিনি বলেন যে বৃহৎ পরিসরে সৌর শক্তির উৎপাদন শক্তি ব্যবহারে গণতান্ত্রিকীকরণের পথ প্রশস্ত করবে ও এর ফলে নাগরিকরা সবুজ ও পক্ষপাতহীন পৃথিবী গড়ার প্রক্রিয়ায় সক্রিয় অংশ গ্রহণকারী হতে পারবে ।

নতুন ও নবীকরণযোগ্য শক্তি মন্ত্রী প্রহ্লাদ যোশী ও আর্ন্তজাতিক সৌরজোটের সঞ্চালক প্রধান আশীষ খান্না ও অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন । বিশ্বের প্রায় ১২৪ টি দেশ ও ৪০ জনের ও বেশী মন্ত্রী এই আর্ন্তজাতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করেছেন ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রীসভা অষ্টম কেন্দ্রীয় বেতন কমিশনের কার্যক্ষেত্রের পরিসরে অনুমোদন জানিয়েছে । কমিশন গঠনের ১৮ মসের মধ্যে নিজের পরামর্শগুলি প্রদান করবে । নতুনদিল্লীতে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ একথা জানিয়েছেন । তিনি বলেন যে কমিশনে একজন অধ্যক্ষ ,অংশকালীন সদস্য ও একজন সদস্য সচিব থাকবে ।

মন্ত্রীসভা ২০২৫ -২৬ রবিশস্য বছরের জন্য ফসফরাস ও পটাসিয়ামযুক্ত সারের পুষ্টিকর উপাদানের জন্য সরকারী সাহায্য প্রদানে অনুমোদন দিয়েছে । শ্রী বৈষ্ণ বলেন যে মন্ত্রীসভা ২০২৫ রবিশস্য বছরের জন্য প্রায় ৩৭ হাজার ৯৫২ কোটি টাকার সরকারী সাহায্যে অনুমোদন দিয়েছে আগামী বছরের পয়লা অক্টোবর থেকে তা প্রযোজ্য হবে । তিনি বলেন যে এর ফলে কৃষকদের জন্য সরকারী সাহায্য যুক্ত বহনক্ষম ও সারের উচিত মূল্য জানা যাবে ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল মুম্বাই এ সামুদ্রিক নেতাদের সম্মেলনে ভাষন দেবেন । এ উপলক্ষে শ্রী মোদী ভারতীয় সামুদ্রিক সপ্তাহ ২০২৫ এ বিশ্ব সামুদ্রিক

মুখ্য কার্যবাহী আধিকারিক মঞ্চের বৈঠকে অংশ গ্রহণ করবেন ।এই কার্যসূচী প্রধানমন্ত্রীর দৃষ্টিভংগীকে কার্যে পরিণত করতে বিশ্বের প্রথমসারির দেশগুলির অংশীদারদের একত্রিত করার জন্য একটি মঞ্চ প্রদান করা হবে । ৮৫ টির ও বেশী রাষ্ট্রের এক লক্ষের ও অধিক প্রতিনিধি ও ৩৫০ জনের ও বেশী আর্ন্তজাতিক বক্তা এই কার্যসূচীতে অংশ গ্রহণ করবে ।

-----------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যুর মামলায় গ্রেপ্তার হওয়া অভিযুক্ত শ্যামকানু মহন্ত , সিদ্ধার্থ শর্মা ,সন্দীপন গার্গ ,দেহরক্ষী নন্দেশ্বর বরা এবং পরেশ বৈশ্যকে কামরূপ মহানগর জেলার মূখ্য ন্যায় দন্ডাধীশের আদালত পুনরায় ১৪ দিনের বিচার বিভাগীয় হেফাজতে প্রেরণ করেছে । ছট পূজা উপলক্ষ্যে আজ আদালতের কাজকর্ম বন্ধ থাকার পরিপ্রেক্ষিতে পুলিশ গতকাল পাঁচজন অভিযুক্তকে ভার্চুয়াল মাধ্যমে আদালতে হাজির করানোর পর পুনরায় অভিযুক্তদের ১৪ দিনের জন্য বিচার বিভাগীয় হেফাজতে প্রেরণ করে ।
এদিকে বিশিষ্ট সাহিত্যিক ড.রীতা চৌধুরী আজ জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে চলা তদন্ত প্রক্রিয়ায় সহযোগীতা করে এস আই টির কাছে সাক্ষ্য প্রদান করেন । তিনি তদন্তকারী দলকে সাক্ষ্য প্রদান করার পর সাংবাদিকদের সঙ্গেও মত বিনিময় করেন । বিশিষ্ট সাহিত্যিক // শিল্পী জুবিন গার্গের মৃত্যুর কিছুদিন পূর্বে গৃহীত একটি সাক্ষাৎকারের কথা উল্লেখ করে বলেন যে সাক্ষাৎকার গ্রহণ করার সময় তিনি জুবিন গার্গের অসুস্থতা বুঝতে পেরেছিলেন । তবে সাক্ষাৎকার গ্রহণের সময় জুবিন গার্গ উৎসাহের সঙ্গে আলাপচারিতায় ছিলেন এবং কোনোভাবেই তাকে হতাশ মনে হয়নি বলে ড.চৌধুরী উল্লেখ করেন ।

-----------বাইট--------

-----------------------------------------------------------------------------------

ভারতের স্মার্ট ফোন রপ্তানি গত মাসে রেকর্ড সংখ্যক ১৮০ কোটি স্পর্শ করেছে । কেন্দ্রীয় ইলেকট্রনিক ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ একথা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে জাতীয় পর্যায়ের একটি দৈনিক সংবাদ পত্রে এসম্পর্কিত তথ্য প্রদান করে মন্ত্রী বলেন যে ভারত থেকে রপ্তানী হোয়া সব বস্তুরমধ্যে বৈদ্যুতিন সামগ্রী তৃতীয় স্থানে রয়েছে । শ্রী বৈষ্ণ বলেন যে দেশে বৈদ্যুতিন যন্ত্রাংশের নির্মাণ আরম্ভ হোয়ার পর থেকে ক্ষেত্রটিতে কর্ম সংস্থানের হাজার হাজার সুযোগ সৃষ্টি হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আই সি সি মহিলা বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগীতার প্রথম সেমি ফাইনাল খেলা আগামীকাল গৌহাটীর বর্ষাপারা ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । সেমি ফাইনালে দক্ষিণ আফ্রিকা ইংলেন্ডের বিরুদ্ধে অবতীর্ণ হবে । আসামে প্রথমবারের জন্য অনুষ্ঠেয় মহিলা বিশ্বকাপ ক্রিকেটের সেমি ফাইনাল খেলার জন্য দর্শকদের মধ্যে যথেষ্ট আগ্রহ পরিলক্ষিত হচ্ছে । আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের পূর্বাভাস অনুসারে আগামীকাল গৌহাটীর আবহাওয়া আংশিকভাবে মেঘলা থাকলেও খেলায় ব্যাঘাত ঘটার মতো বৃষ্টিপাতের কোনো সম্ভাবনা নেই বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ ও বিধায়ক দীপায়ন চক্রবর্তী আজ যৌথভাবে শিলচর কাছাড় কলেজে স্মার্ট শ্রেণী কক্ষ ও ইন্টার এক্টিভ ডিজিটেল স্মার্ট বোর্ডের উদ্বোধন করেছেন । কলেজ অধ্যক্ষ ডক্টর অপ্রতিম নাগের পৌরহিত্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে সাংসদ শ্রীপুরকায়স্থ বলেন যে কেন্দ্র ও রাজ্য সরকার শিক্ষা ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন আনতে কাজ করছে । সাংসদ কলেজের জন্য আরো প্রযুক্তিগত ও আর্থিক সহায়তার আশ্বাস দিয়েছেন । সভায় বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রীচক্রবর্তী বলেন যে বিজেপি সরকার শিক্ষা ব্যবস্থাকে আধুনিকীকরনের দিকেই বেশী জোর দিচ্ছে । সভায় অন্যান্যদের মধ্যে কলেজ পরিচালন সমিতির সভাপতি অধ্যাপক পার্থঙ্কর চৌধুরী , অধ্যাপক অনুপ দে , অধ্যাপক বিরুপাক্ষ পাল চৌধুরী প্রমূখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ উত্তর শ্রীভূমি বিধানসভা ভিত্তিক মেগা স্বাস্থ্য শিবির আজ নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে । রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল স্বাস্থ্য শিবিরের উদ্বোধন করে বলেন যে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা একটি সুস্থ ও শক্তিশালী আসাম গঠনের লক্ষ্যে কাজ করে যাচ্ছেন । আজকের শিবিরে উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিক প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গতকাল পুনরায় একজন ভূয়ো চিকিৎসককে গ্রেপ্তার করেছে । এই নিয়ে জেলাটিতে গ্রেপ্তার হোয়া ভূয়ো চিকিৎসকের সংখ্যা ১৫ তে বৃদ্ধি পেয়েছে । গত কয়েকদিন থেকে পুলিস জেলায় ভূয়ো চিকিৎসকের সন্ধানে অভিযান চালিয়ে আসছে । এই অভিযানে পুলিশ গতকাল সোনাই থানার অর্ন্তগত নগদিরগ্রামের বাসিন্দা রাজুল হক লস্করকে গ্রেপ্তার করেছে । অভিযুক্ত ব্যাক্তি নিজেকে চিকিৎসক হিসেবে মিথ্যা পরিচয় দিয়ে ববি হেলথ কেয়ার নামের একটি ক্লিনিক অবৈধভাবে চালিয়ে আসছিল ।

---

অসম রাজ্য বির্পযয় মোকাবিলা কর্তৃপক্ষের উদ্যোগে আগামীকাল রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভূমিকম্প ও অগ্নিকান্ডের মতো বির্পযয় মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হবে । এর অধীনে হাইলাকান্দি জেলার ৬৭টি শিক্ষা প্রতিষ্ঠানেও আগামীকাল গ্রেট আসাম স্কুল শেক আউট প্রোগ্রাম নামে মহড়া অনুষ্ঠিত হবে । মহড়ায় ভূমিকম্প ও অগ্নিকান্ডের মতো দূর্যোগের সময় জীবন ও সম্পত্তির ক্ষতি রোধে কি কি পদক্ষেপ নিতে হবে , তা নিয়ে শিক্ষার্থীদের সচেতন করে তোলা হবে ।

---